# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

রোমকদের আগমনের খবর (خبر قدوم رومان)

এইরূপ ভীতিকর অবস্থার মধ্যে শাম থেকে মদীনায় আগত তৈল ব্যবসায়ী নাবাত্বী দলের মাধ্যমে সংবাদ পাওয়া গেল যে, রোম সম্রাট হেরাক্লিয়াস তার একজন বিখ্যাত সেনাপতির অধীনে ৪০,০০০ সৈন্যের এক বিশাল বাহিনী প্রস্ত্তত করেছেন। যার মধ্যে লাখাম, জুযাম প্রভৃতি খ্রিষ্টান গোত্রগুলি সহ অন্যান্য আরব মিত্র গোত্রসমূহ রয়েছে। তাদের অগ্রবর্তী বাহিনীটি মদীনা অভিমুখে ইতিমধ্যে সিরিয়ার বালক্বা (اَلْبَلْقَاء) নগরীতে পৌঁছে গেছে।[1]

খবরটি এমন সময় পৌঁছল, যখন ছিল গ্রীষ্মকাল এবং ফল পাকার মৌসুম। মানুষের মধ্যে ছিল ক্ষুধা ও দারিদ্র্যের তীব্র কষাঘাত। রাস্তা ছিল বহু দূরের এবং অতীব ক্লেশকর।

## ফুটনোট

[1]. ইবনু সা‘দ ২/১২৫; যাদুল মা‘আদ ৩/৪৬২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন